# Fun Home Learning (বাড়িতে মজাদার শিক্ষা)

BENGALI

ছোট: বয়স 4-11

বয়স্ক: বয়স 12-20

+ − ÷ ×
গণিত

পাঠ

বিজ্ঞান

সোশ্যাল স্টাডিজ

**আপনার পছন্দের কার্যকলাপগুলি বেছে নিন।** ***আপনার বাড়ি হল আপনার শিশুর প্রথম ক্লাসরুম!***

| কার্যকলাপ | বিষয় | সামগ্রী |
|---|---|---|
| **বাড়িতে আহারের পরিকল্পনা ও একসাথে রান্না করা, মাপ ও পরিমাণগুলি ব্যবহার করা**<br>**ছোট:** সিরিয়াল, স্যান্ডউইচ, স্যালাড (সহজ খাবার)। ওজন নিতে, মাপতে, মেশাতে ও খাবার প্রস্তুত করতে সাহায্য করুন।<br>**বয়স্ক:** ভাত, পাস্তা, রান্না করা শাকসবজি, মাংস (অধিকতর জটিল খাবার); আহারের পরিকল্পনা, বাজেট করা ও খাবার প্রস্তুত করায় সাহায্য করা। | + − ÷ × | রান্নার বাসন<br>মাপার চামচ ও কাপ |
| **দীর্ঘকাল আগের গল্প, শৈশবের স্মৃতি বলুন**<br>**ছোট:** সহজ গল্পগুলি বলুন<br>**বয়স্ক:** পরিবারের সংগ্রাম বা সাফল্য সম্বন্ধে আরও গল্প বলুন। | | আলোচনা করুন |
| **একসাথে একটা বাগানের গাছপালা বড় করুন বা একটা কাপ বা ছোট পাত্রে কয়েকটা বীজ রোপণ করুন**<br>**ছোট:** একটা দিনপঞ্জী রাখুন আর প্রতি কয়েক দিন অন্তর পরিবর্তনগুলির একটি ছবি আঁকুন।<br>**বয়স্ক:** কয়েকটি একই বীজ রোপণ করুন আর একটি অবস্থা পরিবর্তন করুন (যেমন জল বা সূর্যালোকের পরিমাণ), আগে থেকে বলুন কোন বীজটি সবচেয়ে দ্রুত বৃদ্ধি পাবে। প্রতি কয়েক দিন অন্তর ঘটা পরিবর্তনগুলির একটা দিনপঞ্জী রাখুন। | | বীজ<br>মাটি<br>খাতা<br>পেন্সিল/রঙপেন্সিল |
| **সমাজের যে মানুষরা সাহায্য করেন (দমকল কর্মী, পুলিশ অফিসার, চাষী) তাদের সম্বন্ধে এবং তাদের কাজ সম্বন্ধে আলোচনা করুন**<br>**ছোট:** সমাজের একজন সদস্যকে তাদের সাহায্যের জন্য ধন্যবাদ জানিয়ে একটা নোট লিখুন বা বার্তা রেকর্ড করুন।<br>**বয়স্ক:** সমাজের একজন গুরুত্বপূর্ণ সদস্যের উদ্দেশ্যে একটি চিঠি লিখুন বা বার্তা রেকর্ড করুন এবং তাদের কাজ সম্বন্ধে প্রশ্ন জিজ্ঞাসা করুন, যেমন "আপনার কাজের সবচেয়ে কঠিন অংশ কোনটা?" | | কাগজ ও পেন্সিল |
| **রেস্তরাঁর অভিনয় করুন**<br>**ছোট:** আপনি আহারের জন্য যে খাবারগুলি রান্না করবেন তার একটি মেনু তৈরি করুন আর আপনার শিশুকে বলুন সে "রেস্তরাঁয়" কত খরচ করতে পারে তা যোগ করতে।<br>**বয়স্ক:** আপনার শিশুকে রেস্তরাঁর রাঁধুনি বা ওয়েটারের ভূমিকা নিতে বলুন। সকলের অর্ডার নিন, আহার প্রস্তুত করতে সাহায্য করুন আর সবার জন্য একটা রসিদ প্রস্তুত করুন। | + − ÷ × | কাগজ ও পেন্সিল<br>বা<br>ক্যালকুলেটর |
| **একসাথে একটা সিনেমা দেখুন আর আলোচনা করুন**<br>**ছোট:** তারা কী পছন্দ করেছিল বা কোনটা পছন্দ করে নি সেই বিষয়ে আলোচনা করুন। একটা আলাদা সমাপ্তি তৈরি করুন।<br>**বয়স্ক:** স্থান, চরিত্র এবং সিনেমায় যা ঘটেছিল তা কাগজে বর্ণনা করুন। একটি নতুন সমাপ্তি তৈরি করুন। কোনো একটি চরিত্রের অভিনয় করুন। | | সিনেমা<br>একসাথে কথা বলা<br>পেন্সিল ও কাগজ |
| **শব্দগুলি খতিয়ে দেখুন**<br>**ছোট:** ভিন্ন ভিন্ন গ্লাসে ভিন্ন পরিমাণ জল ভরুন। প্রতিটি গ্লাসে আপনার আঙুল দিয□□ আলতো টোকা দিয়ে শুনুন যে গ্লাসে থাকা জলের পরিমাণের ভিত্তিতে শব্দের কীভাবে পরিবর্তন হয়।<br>**বয়স্ক:** ভিন্ন ভিন্ন গ্লাসে ভিন্ন পরিমাণ জল ভরুন, সেগুলিতে আলতো টোকা দিন আর সেগুলিকে উঁচু থেকে নিচু ক্রমে সাজান। কীভাবে হ্যাপি বার্থডে-এর মত আপনার জানা কোনো একটা সহজ গান বাজানো যায়, তা বুঝতে পারেন কিনা দেখুন। | | পানীয়ের গ্লাস বা কাচের বোতল |

| কার্যকলাপ | বিষয় | সামগ্রী |
|---|---|---|
| **"লুকানো আর খুঁজে বের করা" খেলাটি খেলুন** একজন ছোট খেলনার মত কোনো একটা জিনিসকে বেছে নিয়ে সেটিকে লুকিয়ে ফেলেন, আর অন্য সবাই অন্য দিকে তাকায়।<br>**ছোট:** আপনি সবাইকে জিনিসটির কাছে নিয়ে যেতে পারেন কিনা তা দেখতে, ছবি ব্যবহার করে একটি মানচিত্র আঁকুন।<br>**বয়স্ক:** জিনিসটির পথনির্দেশ লিখুন যাতে পরিবার সেটি অনুসরণ করে জিনিসটির কাছে পৌঁছাতে পারে। |  | খেলনার মত কোনো ছোট জিনিস<br>কাগজ ও পেন্সিল |
| **একটা পিকনিক, পার্টি বা ছুটিত□ বেড়ানোর পরিকল্পনা করুন। সব কিছুর জন্য কত খরচ হবে তা অনুমান করুন। প্রতিটি জিনিসের তালিকা বানান। হিসেব করার জন্য মুদিখানা ও কেনাকাটার রসিদগুলি রেখে দিন, আর অংক (word problems) তৈরি করুন।**<br>**ছোট:** সব কিছুর জন্য কত খরচ হবে তা অনুমান করুন আর এগুলি যোগ করুন। এটির একটি ছবি আঁকুন, অথবা পত্রিকা বা খবরের কাগজের ছবিগুলি ব্যবহার করুন।<br>**বয়স্ক:** আপনি যে কার্যকলাপগুলি করতে চান সেগুলির জন্য একটি পরিকল্পনা তৈরি করুন। আপনার পরিবারকে যোগদানে উৎসাহিত করতে, অনেক বিশদ তথ্য দিন। ঘটনাগুলির একটি সময়সূচি তৈরি করুন। | + −<br>÷ × | কাগজ ও পেন্সিল<br>পত্রিকা বা খবরের কাগজ থেকে বিভিন্ন স্থানের ছবি |
| **বাড়ির বাইরের স্ক্যাভেঞ্জার হান্ট** বাইরে যে সব জিনিসগুলি খুঁজতে হবে তার একটি তালিকা বানান, যেমন একটা হলুদ ফুল, পাতা ও ফায়ার হাইড্র্যান্ট।<br>**ছোট:** শিশুদের খুঁজে বের করার জন্য জিনিসগুলির একটি তালিকা তৈরি করুন।<br>**বয়স্ক:** প্রাপ্তবয়স্ক বা ছোট ভাইবোনদের খুঁজে বের করার জন্য জিনিসগুলির একটি তালিকা তৈরি করুন। |  | কাগজ ও পেন্সিল |
| **পরিমাপ অনুশীলন করুন**<br>**ছোট:** একটি টেবিলচামচ বা চা-চামচ ব্যবহার করে দেখুন যে 1 টি মাপার কাপে বা ½ কাপে বা অন্যান্য পাত্রে কতগুলি ধরে...<br>**বয়স্ক:** ঘরগুলিতে আসবাবপত্র, মাদুর বা কার্পেটের জন্য জায়গা পরিমাপ করার জন্য একটি মাপার ফিতে বা অন্যান্য উপায় ব্যবহার করুন; একটি বাগানের জন্য বাড়ির পিছনের দিকের উঠোনটি মাপুন। |  | মাপার চামচ<br>মাপার কাপ |
| **আপনার নিজের দেশ তৈরি করুন**<br>**ছোট:** এটা কেমন দেখতে হবে? এখানে কী ধরনের আবহাওয়া থাকবে? কে দায়িত্বে থাকবেন? কী কী নিয়ম থাকবে? আপনার কাল্পনিক দেশের একটি ছবি আঁকুন<br>**বয়স্ক:** সরকার কীভাবে কাজ করবে? স্কুলগুলি কেমন দেখতে হবে? আপনার কল্পনার দেশের জন্য "সংবিধান" লিখুন। |  | কাগজ ও পেন্সিল |
| **আন্দাজ করার খেলাটি খেলুন**<br>**ছোট:** একটা জার বা কাপকে তুলোর বল, মার্বেল বা বোতামের মত ছোট জিনিসগুলি দিয়ে ভর্তি করুন। পরিবারের প্রত্যেক মানুষ জারে কতগুলি জিনিস আছে বলে মনে করেন, তা লিখে রাখুন। কে সবচেয়ে কাছাকাছি অনুমান করেছেন তা দেখুন!<br>**বয়স্ক:** আপনি একটা টাং টুইস্টার কতবার বলতে পারেন বা এক মিনিটে কতগুলি শব্দ পড়তে পারেন তা অনুমান করুন। | + −<br>÷ × | জার বা কাপ<br>তুলোর বল, মার্বেল, বোতাম বা বিনের মত ছোট জিনিসগুলি |
| **'আমি কে?' খেলাটা খেলুন গেম**<br>**সব বয়স:** একটি স্টিকি নোট, কার্ড বা ছোট কাগজের টুকরোয় 10 টি ভিন্ন ভিন্ন প্রাণী লিখুন বা আঁকুন। কার্ডগুলিকে অদলবদল (শাফল) করুন, কার্ডে কী লেখা আছে তা না দেখে প্রত্যেককে কোনো একটা কার্ড বেছে নিতে বলুন, আর সেটা তাদের কপালে টেপ দিয়ে লাগিয়ে দিন। তাদের কপালে থাকা রহস্যময় প্রাণীটি সম্বন্ধে হ্যাঁ বা না-তে উত্তর দিতে হয় এমন প্রশ্নগুলি পালা করে অন্যদের জিজ্ঞাসা করুন, যেমন "আমি কি উড়তে পারি?" বা "আমার কি 4টি পা আছে?", যতক্ষণ না প্রাণীটি সনাক্ত হয়, যেমন "আমি কি একটা পাখি?"<br>**বয়স্ক:** 20 টি ভিন্ন প্রাণীর একটি তালিকা তৈরী করুন। |  | স্টিকি নোট, বা ছোট কাগজের টুকরোগুলি<br>টেপ<br>পেন্সিল |
| **গড়ুন, আবিষ্কার করুন, তৈরি করুন**<br>**সব বয়স:** একটা কাঠামো গড়া, কিছু একটা আবিষ্কার করা কিংবা একটা উপযোগী যন্ত্র তৈরি করার জন্য বাড়ির চারপাশে থাকা রিসাইকেল-যোগ্য জিনিসগুলি ব্যবহার করুন, যেমন কার্ডবোর্ড, প্লাস্টিক, কাগজ।<br>**বয়স্ক:** একটা **ভাঙা** ক্যালকুলেটর, রেডিও বা যন্ত্রের অংশগুলি আলাদা করুন আর অংশগুলি প্রদর্শন করুন। এগুলি কী এবং এগুলি কিসের জন্য ব্যবহার করা হয় তা বুঝতে চেষ্টা করুন। |  | ফেলে দেওয়া জিনিসগুলি |
| **আপনার পরিবারের সংস্কৃতি সম্বন্ধে আলোচনা করুন অথবা পরিবারের মিউজিয়াম তৈরি করুন**<br>**সব বয়স:** আপনার পরিবারের কী কী পরম্পরা আছে? আপনার সংস্কৃতি থেকে যে সব সঙ্গীত, ভাষা, খাবার, পোশাক ও ছুটির দিনগুলি এসেছে সেগুলি সম্বন্ধে আলোচনা করুন। আরও বিশদ জানতে পরিবারের সদস্যদের সাক্ষাৎকার নিন। আরও জানতে পরিবারের সদস্যদের সাক্ষাৎকার নিন। একটা পোস্টার বানান, ছবি আঁকুন, বা একটা গল্প লিখুন যা আপনার পরিবারের সংস্কৃতি সম্বন্ধে বলে। |  | আপনি যা কিছু খুঁজে পাবেন, সেগুলি আলোচনা করুন, ছবি আঁকুন |